# সম্প্রসারণ বার্তা

মাসিক সম্প্রসারণ বার্তা রেজি: নং ডিএ-৪৬২ ❑ ৪৬তম বর্ষ ❑ ২য় সংখ্যা ❑ জ্যৈষ্ঠ-১৪২৯, মে-জুন, ২০২২ ❑ পৃষ্ঠা ৮



ঝালকাঠিতে কৃষি আবহাওয়া বিষয়ক সেমিনার ... ২

বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের ফসলের নিবিড়তা ... ৩

মাননীয় প্রধানমন্ত্রী কৃষির প্রতি অত্যন্ত আন্তরিক ... ৪

ব্রি বঙ্গবন্ধু১০০ ধান আশা জাগিয়েছে ... ৭




*মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকায় গণভবনে 'বিশ্ব পরিবেশ দিবস ও পরিবেশ মেলা ২০২২' এবং জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ২০২২, এর উদ্বোধন উপলক্ষ্যে বৃক্ষরোপণ করেন (রবিবার, ৫ জুন ২০২২)।-পিআইডি*



*মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গণভবন প্রাঙ্গণে বাংলাদেশ কৃষক লীগ আয়োজিত তিন মাসব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন শেষে গাছের চারা রোপণ করেন (বুধবার, ১৫ জুন ২০২২)।-পিআইডি*

## ভোজ্যতেলের চাহিদার ৪০ ভাগ স্থানীয়ভাবে উৎপাদন করা হবে : মাননীয় কৃষিমন্ত্রী




*মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি সচিবালয়ে কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ভোজ্যতেলের আমদানি নির্ভরতা কমাতে কর্মপরিকল্পনা বিষয়ক সভায় সাংবাদিকদের সাথে মতবিনিময় করছেন*

দেশে ভোজ্যতেলের আমদানি নির্ভরতা কমাতে ৩ বছর মেয়াদি কর্মপরিকল্পনা গ্রহণ করেছে কৃষি মন্ত্রণালয়। পরিকল্পনা অনুযায়ী ধানের উৎপাদন না কমিয়েই আগামী ২০২৪-২৫ অর্থ বছরের

*এরপর পৃষ্ঠা ২ কলাম ১*

## সনাতন কৃষি আধুনিক কৃষিতে রূপান্তরিত হচ্ছে : মাননীয় কৃষিমন্ত্রী




*হোটেল সোনারগাঁওয়ে বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ আন্তর্জাতিক কনফারেন্সে বক্তব্য রাখছেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি*

মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেছেন, কৃষিতে এখন সরকারের মূল লক্ষ্য হলো কৃষিকে বাণিজ্যিক ও আধুনিক করা। সেজন্য কৃষি

*এরপর পৃষ্ঠা ৫ কলাম ৩*

# ভোজ্যতেলের চাহিদার ৪০ ভাগ স্থানীয়ভাবে উৎপাদন করা হবে

*প্রথম পাতার পর*

মধ্যে স্থানীয়ভাবে ১০ লাখ টন তেল উৎপাদন করা হবে, যা চাহিদার শতকরা ৪০ ভাগ। এর ফলে তেল আমদানিতে প্রায় ১০ হাজার কোটি টাকা সাশ্রয় করা সম্ভব হবে। ০৭ জুন ২২ মঙ্গলবার সচিবালয়ে কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে ভোজ্যতেলের আমদানি নির্ভরতা কমাতে কর্মপরিকল্পনা বিষয়ক সভায় সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে মাননীয় কৃষিমন্ত্রী ও আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি এসব কথা বলেন।

দেশে ভোজ্যতেলের চাহিদার প্রায়

> আগামী ৩ বছরের মধ্যে স্থানীয়ভাবে ১০ লাখ টন তেল উৎপাদন করা হবে, যা চাহিদার শতকরা ৪০ ভাগ। এ পরিকল্পনা সুষ্ঠুভাবে বাস্তবায়ন করা গেলে এ লক্ষ্যমাত্রা অর্জন করা যাবে।

৯০ ভাগ আমদানি করতে হয় উল্লেখ করে মাননীয় কৃষিমন্ত্রী বলেন এ বছর দেশে ভোজ্যতেল নিয়ে সংকট চলছে। অনেক বেশি দাম দিয়ে বিদেশ থেকে তেল আমদানি করতে হচ্ছে। এতে একদিকে ভোক্তাদের কষ্ট হচ্ছে, অন্যদিকে প্রচুর বৈদেশিক মুদ্রা বিদেশে চলে যাচ্ছে। বৈদেশিক মুদ্রার রিজার্ভেও চাপ পড়ছে। এ অবস্থায়, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা অনুযায়ী ভোজ্যতেলের আমদানি নির্ভরতা কমাতে আমরা ৩ বছর মেয়াদি এ কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

মাননীয় কৃষিমন্ত্রী তেলজাতীয় ফসল উৎপাদনের কর্মপরিকল্পনা সম্পর্কে বলেন, আগামী ৩ বছরের মধ্যে স্থানীয়ভাবে ১০ লাখ টন তেল উৎপাদন করা হবে, যা চাহিদার শতকরা ৪০ ভাগ। এ পরিকল্পনা সুষ্ঠুভাবে বাস্তবায়ন করা গেলে এ লক্ষ্যমাত্রা অর্জন করা যাবে।

কর্মপরিকল্পনা অনুযায়ী ২০২৪-২৫ অর্থ বছরের মধ্যে সরিষা, তিল, বাদাম,সয়াবিন, সূর্যমুখীসহ তেলজাতীয় ফসলের আবাদ তিনগুণ বৃদ্ধি করে বর্তমানের ৮ লাখ ৬০ হেক্টর জমি থেকে ২৩ লাখ ৬০ হাজার হেক্টরে উন্নীত করা হবে। তেলজাতীয় ফসলের উৎপাদন বর্তমানের ১২ লাখ টন থেকে ২৯ লাখ টনে এবং তেলের উৎপাদন বর্তমানের ৩ লাখ টন থেকে ১০ লাখ টনে উন্নীত করা হবে।

এ লক্ষ্যমাত্রা অর্জনে ৩টি বিষয়কে গুরুত্ব দেয়া হচ্ছে বলে জানান মাননীয় কৃষিমন্ত্রী। প্রথমটি হচ্ছে উৎপাদনশীলতা বৃদ্ধি, বর্তমানে আবাদকৃত টরি-৭, মাঘী, ডুপিসহ স্থানীয় জাতের পরিবর্তে উচ্চফলনশীল সরিষার জাত বিনা-৪, বিনা-৯, বারি-১৪, বারি-১৭ প্রভৃতি জাত ছড়িয়ে দেয়া হবে। দ্বিতীয়ত অনাবাদি চরাঞ্চল, উপকূলের লবণাক্ত, হাওর ও পাহাড়ি অঞ্চলকে তেলজাতীয় ফসল চাষের আওতায় আনা হবে। তৃতীয়ত, নতুন শস্যবিন্যাসে স্বল্প জীবনকালের ধানের চাষ করে রোপা আমন ও বোরোর মধ্যবর্তী সময়ে অতিরিক্ত ফসল হিসাবে সরিষার চাষ করা। এ বিন্যাসে প্রায় ৫ লাখ হেক্টর জমিতে সরিষার আবাদ বৃদ্ধির সুযোগ রয়েছে।

সভায় জানান হয়, দেশে বছরে ভোজ্যতেলের চাহিদা রয়েছে প্রায় ২৪ লাখ টন। এর মধ্যে সরিষা, তিল ও সূর্যমুখী হতে স্থানীয়ভাবে উৎপাদন হয় মাত্র ৩ লাখ টন, যা চাহিদার শতকরা ১২ ভাগ। বাকী ভোজ্যতেল আমদানি করতে হয়। ২০২০-২১ অর্থবছরে তেল আমদানিতে ব্যয় হয়েছিল প্রায় ১৬ হাজার কোটি টাকা আর এবছর প্রথম ১০ মাসে ব্যয় হয়েছে প্রায় ২০ হাজার কোটি টাকা। সভায় কৃষি মন্ত্রণালয়ের সচিব মোঃ সায়েদুল ইসলাম, মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তা ও সংস্থাপ্রধানরা উপস্থিত ছিলেন।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

# ঝালকাঠিতে কৃষি আবহাওয়া বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

ঝালকাঠিতে কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের রোভিং সেমিনার ০৯ জুন ২০২২ শহরের চড়ইভাতি কমিউনিটি সেন্টারে ডিএইর উদ্যোগে অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সভাপতিত্বে মূল প্রবন্ধকার ছিলেন পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রফেসর মো. মামুন-উর-রশিদ। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জেলা প্রাণিসম্পদ অফিসার মো. ছায়েব আলী, বরিশাল সদর উপজেলার ভাইস–চেয়ারম্যান




ঝালকাঠির জেলা প্রশাসক জনাব মো. জোহর আলী।

তিনি বলেন, কৃষির ওপর আমরা নির্ভরশীল। এর সুরক্ষার কোনো বিকল্প নেই। তাই প্রতিকূলতার হাত থেকে ফসলকে বাঁচাতে সবাইকে সচেষ্ট হতে হবে। এজন্য আবহাওয়া বার্তা অনুসরণ করা জরুরি। এর মাধ্যমে দুর্যোগকে থামাতে পারব না ঠিকই, তবে শস্যের ক্ষতি কমিয়ে আনা সম্ভব হবে।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মো. মনিরুল ইসলামের মঈন তালুকদার এবং কাঠালিয়ার উপজেলার ভাইস–চেয়ারম্যান মো. বদিউজ্জামান সিকদার।

অতিরিক্ত উপপরিচালক মো. অলিউল আলমের সঞ্চালনায় অনুষ্ঠানে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কৃষি তথ্য সার্ভিস, প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস্য অধিদপ্তর, আবহাওয়া অধিদপ্তর ও পানি উন্নয়ন বোর্ডের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা এবং কৃষকসহ ২৭০ জন অংশগ্রহণকারী উপস্থিত ছিলেন।

*নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল*

# নেদারল্যান্ডসে বাংলাদেশ-নেদারল্যান্ডস

*শেষ পাতার পর*

এতে কৃষি প্রক্রিয়াজাতকরণ, হর্টিকালচার, ডেইরি, ফিশারিজ ও পোল্ট্রি খাতে উদ্ভাবন ও সহযোগিতা নিয়ে আলোচনা চলছে। এসব খাতে ডাচ জ্ঞান-অভিজ্ঞতা, প্রযুক্তি ও ইনোভেশনকে কিভাবে বাংলাদেশে কাজে লাগান যায়, তার উপর গুরুত্বারোপ করা হচ্ছে।

বৈঠকে কৃষিসচিব মোঃ সায়েদুল ইসলাম, হেগে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত এম রিয়াজ হামিদুল্লাহ, নেদারল্যান্ডসের কৃষি, প্রকৃতি ও ফুড কোয়ালিটি মন্ত্রণালয়ের উপমহাপরিচালক গুইদো ল্যান্ডহির, নেদারল্যান্ডস ফুড পার্টনারশিপের নির্বাহী পরিচালক মির্টেলে ড্যান্স, ডাচ টপসেক্টর অ্যাগ্রো-ফুডের ডিরেক্টর উইলিমিয়েন ভ্যান অ্যাসেল্ট, ওয়েজেনিনজেন ইউনিভার্সিটি অ্যান্ড রিসার্চের অ্যাকাউন্ট ম্যানেজার কল্যাণ চক্রবর্তী ও ডিজিটাল ইনোভেশন পার্টনার জ্যান ক্যারেল ম্যাক প্রমুখ বক্তব্য রাখেন। এ সময় দুই দেশের এগ্রিবিজনেসের সাথে জড়িত ব্যবসায়ী প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*

## কৃষি উন্নয়নে ই-কৃষি সেমিনার

কৃষি তথ্য সার্ভিস, চট্টগ্রাম অঞ্চলের আয়োজনে হালিশহরস্থ কনফারেন্স হলে ২ জুন ২০২২ “কৃষি উন্নয়নে ই-কৃষি” বিষয়ক সেমিনার অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মো: মোফাজ্জল করিম, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম। সভাপতিত্ব করেন ড. সুরজিত সাহা রায়, পরিচালক (ভারপ্রাপ্ত) কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ফার্মগেট, উক্ত সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন টুটুল চন্দ্র মল্লিক সহকারী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, তড়িৎ ও ইলেকট্রনিক্স ভাগ, প্রিমিয়ার বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম। সেমিনারে বক্তাগণ ইন্টারনেটভিত্তিক কৃষিসহ চতুর্থ শিল্প বিপ্লব এর কৃষি কেমন হতে পারে তা নিয়ে বিষধ আলোচনা করেন।

উক্ত সেমিনারে কৃষি মন্ত্রণালয়ের অধিনস্থ বিভিন্ন দপ্তর-সংস্থার জেলা ও উপজেলার ঊর্ধ্বতন কর্মকর্তারা, এনজিও প্রতিনিধি, সাংবাদিক ও ঢাকাস্থ কৃষি তথ্য সার্ভিসের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

*কৃষিবিদ আবু কাউসার মো : সারোয়ার, এডিডি (পি.পি), ডিএই, চট্টগ্রাম*



*সেমিনারে বক্তব্য প্রদান করছেন প্রধান অতিথি জনাব কৃষিবিদ মো: মোফাজ্জল করিম, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।*

## পুষ্টি কর্নার : জামরুল



জামরুল একটি ক্যারোটিন ও ভিটামিন বি-২ সমৃদ্ধ ফল। খাদ্যোপযোগি প্রতি ১০০ গ্রাম জামরুলে জলীয় অংশ ৮৯.১ গ্রাম, মোট খনিজ পদার্থ ০.৩ গ্রাম, হজমযোগ্য আঁশ ১.২ গ্রাম, খাদ্যশক্তি ৩৯ কিলোক্যালরি, আমিষ ০.৭ গ্রাম, চর্বি ০.২ গ্রাম, শর্করা ৮.৫ গ্রাম, ক্যালসিয়াম ১০ মিলিগ্রাম, লৌহ ০.৫ মিলিগ্রাম, ক্যারোটিন ১৪১ মিলিগ্রাম, ভিটামিন বি১ ০.০১ মিলিগ্রাম, ভিটামিন বি২ ০.০৫ মিলিগ্রাম ও ভিটামিন ‘সি’ ৩ মিলিগ্রাম পুষ্টি উপাদান রয়েছে। জামরুল বহুমূত্র রোগীর তৃষ্ণা নিবারনে উপকারী। দেশে জামরুলের সাদা ও মেরুন বর্ণের ফল জন্মে থাকে। চাষাবাদের জন্য উচ্চফলনশীল জাতের মধ্যে রয়েছে বারি জামরুল-১, বারি জামরুল-২ ও বাউজামরুল-১, বাউজামরুল-২, বাউজামরুল-৩। বাংলাদেশের সর্বত্র জামরুল উৎপাদন হয়। মূলত ফল হিসেবেই জামরুল ব্যবহৃত হয়। ইদানিং রঙিন জামরুল দিয়ে কেউ কেউ জ্যাম, জেলি তৈরি করছেন।

*সংকলন- কৃষিবিদ মোহাম্মদ মারুফ, কৃতসা, ঢাকা*

## বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় কৃষক পুরস্কার-২০২২ অনুষ্ঠিত



*পুরস্কার প্রদান করছেন প্রধান অতিথি কৃষিবিদ মোঃ বেনজীর আলম, মহাপরিচালক কৃষি সম্প্রসারণ অধিদপ্তর*

ময়মনসিংহ জেলায় বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সৈয়দ নজরুল ইসলাম সম্মেলন কেন্দ্রে বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় “কৃষক পুরস্কার-২০২২” ০৪ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মোঃ বেনজীর আলম, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। উক্ত অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন কৃষিবিদ জিয়াউর রহমান, প্রকল্প পরিচালক, বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের ফসলের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প। সভাপতিত্ব করেন কৃষিবিদ সালমা আক্তার, অতিক্তি পরিচালক (ভারপ্রাপ্ত), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ। এ অনুষ্ঠানে বিভিন্ন জেলা ও উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণ, কৃষি তথ্য সার্ভিসের কর্মকর্তা, পুরস্কার প্রাপ্ত কৃষক-কৃষানী ও প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

*মো: খোরশেদ আলম, কৃতসা, ময়মনসিংহ*

## পাবনার ঈশ্বরদীতে আঞ্চলিক গবেষণা সম্প্রসারণ পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা অনুষ্ঠিত

ডাল গবেষণা কেন্দ্র ও আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র ঈশ্বরদী পাবনার উদ্যেগে রাজশাহী ও বগুড়া অঞ্চলের আঞ্চলিক গবেষণা সম্প্রসারণ পর্যালোচনা ২০২১-২২ ও গবেষণা কর্মসূচী প্রণয়ন কর্মশালা ২০২২-২৩ গবেষণার সম্মেলন কক্ষে ২২-২৩ মে ২০২২ দুই দিন ব্যাপি অনুষ্ঠিত হয়। বাংলাদেশ ইক্ষু গবেষণা প্রতিষ্ঠানের মহাপরিচালক কৃষিবিদ মো. আমজাদ হোসেন প্রধান অতিথি হিসেবে কর্মশালার শুভ উদ্বোধন করেন। কেন্দ্রের পরিচালক ড. মো: মহিউদ্দিন এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাজীপুরস্থ বিএআরআই এর পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. ফেরদৌসী ইসলাম ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বগুড়া অঞ্চলের অতিরিক্ত পরিচালক, কৃষিবিদ মো: ইউসুফ রানা মন্ডল এবং ঈশ্বরদী এটিআই এর অধ্যক্ষ কৃষিবিদ মো: মিজানুর রহমান।

*তুষার কুমার সাহা, কৃতসা, পাবনা*

# মাননীয় প্রধানমন্ত্রী কৃষির প্রতি অত্যন্ত আন্তরিক–অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয়




*খুলনার বটিয়াঘাটার চক্রাখালী মল্লিকের মোড় এলাকায় মাঠ দিবসে বক্তব্য রাখছেন প্রধান অতিথি মোঃ হাসানুজ্জামান কল্লোল, অতিরিক্ত সচিব (সম্প্রসারণ), কৃষি মন্ত্রণালয়*

'কৃষক বান্ধব সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা কৃষির প্রতি অত্যন্ত আন্তরিক। তারই নির্দেশনায় কৃষি বিজ্ঞানীদের আধুনিক প্রযুক্তি ও লবণসহিষ্ণু জাতের কারণে দেশের দক্ষিণাঞ্চলে ফসলের সমারোহ বেড়েছে। দক্ষিণাঞ্চলে ফসলের উৎপাদনে মিষ্টি পানির সরবরাহ বাড়াতে নতুন প্রকল্প গ্রহণ করা হয়েছে। লবণসহনশীল জাত ও প্রযুক্তির সম্প্রসারণ ঘটিয়ে সারা দেশের উৎপাদনে সমন্বয় করার কর্মসূচি হাতে নেয়া হয়েছে।' কৃষি মন্ত্রণালয়ের সম্প্রসারণ অনুবিভাগের অতিরিক্ত সচিব মোঃ হাসানুজ্জামান কল্লোল ১৪ মে ২০২২ বিকেলে খুলনার বটিয়াঘাটার চক্রাখালী মল্লিকের মোড় এলাকায় কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় সমলয়ে চাষাবাদের মাধ্যমে স্থাপিত লবণাক্ততা সহনশীল ধান ফসলের মাঠ দিবসে প্রধান অতিথির বক্তব্যকালে এসব কথা বলেন। জেলা প্রশাসক খুলনা মোঃ মনিরুজ্জামান তালুকদার এ মাঠদিবসে সভাপতিত্ব করেন।

মাঠদিবসে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, ডিএই, খামারবাড়ি ঢাকার সরেজমিন উইংয়ের অতিরিক্ত পরিচালক (মনিটরিং ও বাস্তবায়ন) কৃষিবিদ বাদল চন্দ্র বিশ্বাস, ডিএই খুলনা অঞ্চলের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ মোঃ ফজলুল হক, উপপরিচালক কৃষিবিদ মোঃ হাফিজুর রহমান ও বটিয়াঘাটা উপজেলা নির্বাহী অফিসার মোঃ মমিনুর রহমান।

*কৃষিবিদ শারমিনা শামিম, কৃতসা, খুলনা*

# কৃষি তথ্য প্রচারের মাধমে কৃষি উৎপাদনে উদ্যোক্তা তৈরি

কৃষি তথ্য সার্ভিস, কুমিল্লা অঞ্চল, কুমিল্লার আয়োজনে, ২৯ মে ২০২২ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমিল্লার প্রশিক্ষণ হলরুমে, কৃষি প্রযুক্তি বিস্তারে কৃষি তথ্য সার্ভিস, কুমিল্লার ভূমিকা শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন কৃষিবিদ ড. সুরজিত সাহা রায়, পরিচালক (ভারপ্রাপ্ত) কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা। মূল প্রবন্ধ উপস্থাপন করেন কৃষিবিদ মোঃ মুশিউল ইসলাম, আঞ্চলিক কৃষি তথ্য অফিসার, কৃষি তথ্য সার্ভিস, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা। ফসলের নতুন জাত, আধুনিক প্রযুক্তি, বাণিজ্যিক কৃষি, নিরাপদ কৃষি উৎপাদন, বাজারের চাহিদা ও পুষ্টি চাহিদামত ফল, সবজি এবং নানা প্রকার ফসল উৎপাদন বিষয়ে কৃষি তথ্য প্রচারের মাধমে দেশের সকল কৃষকসহ সর্বস্তরের জনগণ কৃষি উৎপাদনে আগ্রহী হয়ে দেশের কল্যাণে উদ্যোক্তা হয়ে কাজ করার সক্ষমতা অর্জন করা সেমিনারের উদ্দেশ্য। সেমিনারে সভাপতির বক্তব্য রাখেনে কৃষিবিদ মোঃ মিজানুর রহমান, অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত), ডিএই, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা।




*মো: মহসিন মিজি, কৃতসা, কুমিল্লা*

# প্রাকৃতিক দুর্যোগে কৃষকের উৎপাদিত ফসল ঘরে তুলতে এসএসিপি প্রকল্প আশার আলো জাগিয়েছে

প্রাকৃতিক দুর্যোগে কৃষকের উৎপাদিত ফসল ঘরে তুলতে এসএসিপি প্রকল্প আশার আলো জাগিয়েছে। এ প্রকল্পে গবেষণা থেকে শুরু করে বাজারজাতকরণের সমন্বয় ঘটানো হয়েছে। এতে কৃষকের জীবনমানের উন্নয়ন হবে। ২৯ মে ২০২২ নগরীর ব্রির হলরুমে বরিশালে স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্টের (এসএসিপি) বার্ষিক তদারক ও পর্যালোচনা বিষয়ক আঞ্চলিক কর্মশালায় ভার্চুয়ালি যুক্ত হয়ে প্রধান অতিথির বক্তব্যে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মো. বেনজীর আলম এসব কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ডিএইর পরিচালক (প্রশিক্ষণ উইং) মোঃ তাওফিকুল আলম। সভাপতিত্ব করেন ডিএইর বরিশাল অঞ্চলের অতিরিক্ত পরিচালক হৃদয়েশ্বর দত্ত।

পটুয়াখালী সদরের উপজেলা কৃষি অফিসার মার্জিন আরা মুক্তার সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো. আলমগীর হোসেন, ডিএই পটুয়াখালীর উপপরিচালক একেএম মহিউদ্দিন প্রমুখ।

*নাহিদ বিন রফিক, কৃতসা, বরিশাল*

# রাজশাহী জেলার শ্রেষ্ঠ বীজ উৎপাদনকারী বিজয় কুমার




২০২১-২২ অর্থবছরে বাস্তবায়িত কার্যক্রমের মূল্যায়নের ভিত্তিতে তানোর উপজেলার বিজয় কুমার প্রামাণিক শ্রেষ্ঠ বীজ উৎপাদনকারী হিসেবে প্রথম পুরস্কার অর্জন করেন। কৃষক পর্যায়ে উন্নতমানের ডাল, তেল ও মসলা বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ (৩য় পর্যায়) প্রকল্পের আওতায় গত ২৪ মে ২০২২ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রশিক্ষণ হলরুমে রাজশাহী কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ মোঃ মোজদার হোসেন এর সভাপতিত্বে সেরা এসএমইদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার কৃষিবিদ মোঃ শামিম আশরাফ উপস্থিত থেকে বিজয়ীদের মাঝে সনদপত্র ও পুরস্কার তুলে দেন।

*মো: আমিনুল ইসলাম, কৃতসা, রাজশাহী*



পাবনা ঈশ্বরদীতে ২ জুন ২০২২ বৃহস্পতিবার বেলা সাড়ে ১১টায় ঈশ্বরদীর বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউটের (বিএসআরআই) স্কুল মাঠে ২ দিনব্যাপী লিচু মেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শুভ উদ্বোধন করেন মাননীয় কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক, এমপি। এতে সভাপতিত্ব করেন পাবনা-৪ (ঈশ্বরদী আটঘরিয়া) আসনের সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা আলহাজ নুরুজ্জামান বিশ্বাস । উল্লেখ্য, দুই দিনব্যাপী লিচু মেলা ঘিরে বর্ণিল সাজে সেজেছে ঈশ্বরদী।

*প্রেস বিজ্ঞপ্তি , কৃষি মন্ত্রণালয়*

## ঝিনাইদহে শুরু হয়েছে নিরাপদ সবজি উৎপাদনে আইপিএম মডেল ইউনিয়ন

ঝিনাইদহ কোটচাঁদপুর উপজেলায় নিরাপদ সবজি উৎপাদনে সাড়া জাগাচ্ছে জৈবিক প্রযুক্তির ব্যবহার আর এই উপজেলায় তৈরি হচ্ছে আইপিএম মডেল ইউনিয়ন। উপজেলা কৃষি অফিসের সহযোগিতায় সাবদারপুর ইউনিয়নে জৈব প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে কৃষকেরা উৎপাদন করছে পটল, লাউ, বেগুন, শসা, চালকুমড়া, চিচিঙ্গা, করল্লা, বরবটি, মিষ্টিকুমড়া ও ধুন্দলসহ বিভিন্ন সবজি। আইপিএম প্রযুক্তি ব্যবহারে ফসলের উৎপাদন খরচ ৬০ শতাংশ কমে গেছে। ফসলের দামের ক্ষেত্রে জৈবিক উপায়ে নিরাপদ সবজির মূল্য ভালো পাচ্ছেন কৃষকেরা।



*জৈবিক প্রযুক্তি ব্যবহারে উৎপাদিত সবজি*

সাবদারপুর ইউনিয়নের উপসহকারী কৃষি অফিসার মো: মাহমুদুর রহমান, মো: আনিছুজ্জামান ও কাজী ইবাদুর তারা বলেন এই ইউনিয়নের কৃষকেরা জৈবিক প্রযুক্তি হিসেবে ব্যবহার করেন জৈবসার, ভার্মি কম্পোস্ট, বায়ালিট, ছত্রাকনাশক, ট্রাইকোর্ড্রামা, বায়োসিল, ই-কোমেক, ইয়োলো ফাঁদ ও ফেরোমন ফাঁদ ব্যবহার করছে। আইপিএম মডেল ইউনিয়নের উৎপাদিত সবজি ঝিনাইদহ জেলার স্থানীয় বাজারসহ ঢাকার বিভিন্ন বাজারে এসকল সবজি পাঠানো হচ্ছে। দেশের অন্যান্য জেলায় নিরাপদ সবজি উৎপাদনে আইপিএম মডেল ইউনিয়ন তৈরিতে প্রচার করে যাচ্ছে বিটিবির কৃষি বিষয়ক অনুষ্ঠান "বাংলার কৃষি"।

আইপিএম মডেল ইউনিয়নের কৃষক তরিকুল ইসলাম ও মো: আব্দুল জব্বার বলেন অক্টোবর/২০২১ সালে ১০০০ জন কৃষক প্রথম আইপিএম প্রযুক্তি ব্যবহার করেন। এখন বর্তমানে এই জৈবক প্রযুক্তির ব্যবহার দেখে ইউনিয়নের প্রায় ৪৫০০ জন কৃষক তাদের উৎপাদিত ফসল উৎপাদনে জৈবিক প্রযুক্তি ব্যবহার করছে।

*মো: আসাদুজ্জামান, কৃতসা, খুলনা*

## রংপুরে ৫টি নতুন জাতের বোরো ধানের কর্তন ও মাঠ দিবস

রংপুর অঞ্চলে আলু-বোরো-রোপা আমন শস্য বিন্যাসে বোরো ধানের বিভিন্ন জাতের উপযোগিতা যাচাইকরণে এটি নতুন জাতের বোরো ধানের কর্তন ও মাঠ দিবস অনুষ্ঠিত হয়। ২৫ মে ২০২২ রোজ বুধবার দুপুরে সদর উপজেলার পালিচড়া এলাকার ফাজিল খাঁ গ্রামে মাঠ দিবসের আয়োজন করে ব্রি এর রাইস ফামিং সিস্টেমস বিভাগ। সহযোগিতা করে রংপুর ব্রি আঞ্চলিক কার্যালয় এবং সদর উপজেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

ব্রি এর রাইস ফার্মিং সিস্টেমস বিভাগের পিএসও ড. মো. ইব্রাহিমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন ব্রি এর মহাপরিচালক ড. মো. শাহজাহান কবীর। বিশেষ অতিথি ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তর রংপুর অঞ্চল রংপুর এর অতিরিক্ত পরিচালক মো. এমদাদ হোসেন সেখ। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর রংপুর এর উপপরিচালক মো. ওবায়দুর রহমান মণ্ডল।

*এরপর পৃষ্ঠা ৬ কলাম ৩*



*মাঠ দিবস অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখছেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর মহাপরিচালক ড. মোঃ শাহজাহান কবীর*

## সনাতন কৃষি আধুনিক কৃষিতে রূপান্তরিত হচ্ছে

*প্রথম পাতার পর*

রূপান্তরে সরকার কাজ করছে। যান্ত্রিকীকরণে বিশাল ভর্তুকি দেয়া হচ্ছে। এছাড়া এগ্রো প্রসেসিং, ফসলের উন্নত জাত ও প্রযুক্তি উদ্ভাবন এবং জলবায়ু পরিবর্তন সহনশীল কৃষিতে অত্যন্ত গুরুত্ব দেয়া হচ্ছে। ফলে সনাতন কৃষি আধুনিক কৃষিতে রূপান্তরিত হচ্ছে। ২৬ মে ২০২২ বৃহস্পতিবার বিকালে হোটেল সোনারগাঁওয়ে বাংলাদেশ ডেল্টা প্ল্যান ২১০০ আন্তর্জাতিক কনফারেন্সে 'কৃষির রূপান্তর' শীর্ষক সেশনে কৃষিমন্ত্রী এসব কথা বলেন।

দেশে কৃষি ও খাদ্য নিরাপত্তায় আগামী দিনের চ্যালেঞ্জ তুলে ধরে মাননীয় কৃষিমন্ত্রী বলেন, সীমিত সম্পদের সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে খাদ্য নিরাপত্তাকে টেকসই করতে আমরা গুরুত্ব দিচ্ছি। পতিত জমিকে চাষের আওতায় আনা, খরা, লবণাক্ততাসহ বিভিন্ন প্রতিকূল এলাকায় ফসলের চাষ, শস্য নিবিড়তা বৃদ্ধি, বেশি উৎপাদনশীল জাতের উদ্ভাবন ও চাষ, ভূ-উপরিস্থ পানির ব্যবহার বৃদ্ধি এবং জলবায়ু পরিবর্তন সহনশীল কৃষির জন্য কাজ করছি।

সেশনে মূল প্রবন্ধ উপস্থাপন করেন নেদারল্যান্ডসের ওজেনিনজেন ইউনিভার্সিটি অ্যান্ড রিসার্চের প্রেসিডেন্ট লুইসি ফ্রেসকো। স্বাগত বক্তব্য রাখেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. রুহুল আমিন তালুকদার। এসময় ঢাকায় নিযুক্ত নেদারল্যান্ডসের রাষ্ট্রদূত অ্যান ভ্যান লিউভেন, এফএওর বাংলাদেশ প্রতিনিধি রবার্ট সিম্পসন, বিশ্বব্যাংকের সিনিয়র রুরাল ডেভেলপমেন্ট স্পেশালিস্ট ক্রিশ্চিয়ান বার্জার উপস্থিত ছিলেন।

*প্রেস বিজ্ঞপ্তি , কৃষি মন্ত্রণালয়*

# কুমিল্লা অঞ্চলে আমন ধানের আবাদ ও উৎপাদন বৃদ্ধি শীর্ষক কর্মশালা

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, আঞ্চলিক কার্যালয়, কুমিল্লার আয়োজনে ৩০ মে ২০২২ মায়ামী-২ রিসোর্টের হলরুমে, কুমিল্লা অঞ্চলে আমন ধানের আবাদ ও উৎপাদন



বৃদ্ধি শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন ড. মোঃ শাহজাহান কবীর, মহাপরিচালক, ব্রি, গাজীপুর।

তিনি বলেন, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের বিজ্ঞানীরা ইতিমধ্যে পুষ্টিসমৃদ্ধ এবং উচ্চফলনশীল কয়েকটি ধানের জাত উদ্ভাবন করেছেন এর মধ্যে বঙ্গবন্ধু ধান১০০ উল্লেখযোগ্য। শুধু আধুনিক প্রযুক্তি গ্রহণ করে চাষ করলেই আর্থিকভাবে লাভবান হওয়া যাবে।

কর্মশালায় মূল প্রবন্ধ উপস্থাপন এবং স্বাগত বক্তব্য রাখেন, ড. মোঃ রফিকুল ইসলাম, সিএসও এবং প্রধান, ব্রি, কুমিল্লা। সভাপতির বক্তব্য রাখেন কৃষিবিদ মোঃ মিজানুর রহমান, অতিরিক্ত পরিচালক (ভা:প্রা:), ডিএই, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা। এছাড়াও কর্মশালায় কুমিল্লা অঞ্চলের কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন প্রতিষ্ঠানের প্রধানগণ, কৃষক প্রতিনিধি, উপসহকারী কৃষি অফিসার, এনজিও প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। দেশের খাদ্য ভান্ডারকে পরিপূর্ণ করে পুষ্টি সমৃদ্ধ এবং অধিক উৎপাদনশীল নতুন জাতের ধানের আবাদ বৃদ্ধি করা কর্মশালার উদ্দেশ্য। *মো: মহসিন মিজি, কৃতসা, কুমিল্লা*

# রংপুরে ‘‘কৃষিতে তথ্য প্রযুক্তির ব্যবহার’’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

কৃষি তথ্য সার্ভিস আধুনিকায়ন ও ডিজিটাল কৃষি তথ্য ও যোগাযোগ শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় কৃষি তথ্য সার্ভিস, রংপুর অঞ্চল, রংপুর এর আয়োজনে কৃষিতে তথ্য



প্রযুক্তির ব্যবহার শীর্ষক সেমিনার ১৫ মে ২০২২ কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, লালবাগ, রংপুর এর কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সেমিনারে কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকার পরিচালক (ভারপ্রাপ্ত) কৃষিবিদ ড. সুরজিত সাহা রায় এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষিবিদ মোঃ এমদাদ হোসেন সেখ, অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর অঞ্চল, রংপুর।

কৃষি তথ্য সার্ভিস আধুনিকায়ন ও ডিজিটাল কৃষি তথ্য ও যোগাযোগ শক্তিশালীকরণ প্রকল্পের পরিচিতি ও কার্যক্রম এবং কৃষিতে তথ্য প্রযুক্তির ব্যবহার (অ্যাপস, ওয়েবসাইট, কৃষি কল সেন্টার, ইউডিসি, ফিয়াক সেন্টার, রেডিও ও টিভির অনুষ্ঠান ইত্যাদি) পাওয়ার পয়েন্টের মাধ্যমে তুলে ধরেন বিশেষ অতিথি কৃষিবিদ তাপস কুমার ঘোষ, প্রকল্প পরিচালক। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন মোঃ জাকিউর রহমান, সহযোগী অধ্যাপক, ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিভাগ, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর। প্রবন্ধক তাঁর উপস্থাপনায় কৃষি ক্ষেত্রে জিআইএস এর তাত্ত্বিক দিক তুলে ধরে কৃষি ক্ষেত্রে জিআইএস এর প্রায়োগিক দিকগুলো বিশদভাবে আলোচনা করেন।

কৃষি তথ্য সার্ভিস আধুনিকায়ন ও ডিজিটাল কৃষি তথ্য ও যোগাযোগ শক্তিশালীকরণ প্রকল্প, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকার অর্থায়নে এবং কৃষি তথ্য সার্ভিস, আঞ্চলিক কার্যালয়, রংপুর এর আয়োজনে সেমিনারে কৃষি সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি কর্মকর্তা, গণমাধ্যম কর্মী, গবেষক, উদ্ভাবনী কৃষকগণ অংশগ্রহণ করেন। সেমিনারটি সঞ্চালনা করেন কৃষিবিদ মোঃ শাহাদৎ হোসেন, আঞ্চলিক বেতার কৃষি অফিসার, কৃষি তথ্য সার্ভিস, রংপুর অঞ্চল, রংপুর।

*মোঃ হুমায়ূন কবির, কৃতসা, রংপুর*

# বাংলাদেশে কম্বাইন হারভেস্টার তৈরির আগ্রহ

*শেষ পাতার পর*

বৈঠকে এ তথ্য জানানো হয়।

প্রতিনিধিদল জানান, দেশে ইয়ানমার ব্র্যান্ডের কম্বাইন হারভেস্টার অনেক জনপ্রিয় ও চাহিদাও বেশি। এটিকে বিবেচনায় নিয়ে স্থানীয়ভাবে কম্বাইন হারভেস্টার তৈরি ও সংযোজন করার উদ্যোগ নিয়েছে ইয়ানমার ও এসিআই মোটর্স। ২০২৪ সালের শুরুতে স্থানীয়ভাবে উৎপাদনে যাওয়ার প্রাথমিক পরিকল্পনা রয়েছে বলে জানান আন্তর্জাতিক বিজনেস হেড সোগো ডেট।

এসময় মাননীয় কৃষিমন্ত্রী বলেন, দেশে কৃষি শ্রমিকের ঘাটতি দিন দিন প্রকট হচ্ছে। সনাতন পদ্ধতির কৃষিতে ফসল উৎপাদনে খরচ অনেক বেশি ও সময় সাপেক্ষ। সেজন্য, প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার অগ্রাধিকার ভিত্তিতে কৃষি যান্ত্রিকীকরণে কাজ করছে। সারাদেশে ৫০% ও হাওর-উপকূলীয় এলাকায় ৭০% ভর্তুকিতে কৃষকদেরকে কৃষি যন্ত্রপাতি সরবরাহ করা হচ্ছে। আমরা স্থানীয়ভাবে কৃষিযন্ত্র তৈরি ও সংযোজনে অত্যন্ত গুরুত্ব দিচ্ছি। ইয়ানমারের এ উদ্যোগকে স্বাগত জানাই। বাংলাদেশে কারখানা স্থাপনে ইয়ানমারকে সব ধরনের সহযোগিতা প্রদান করা হবে।

বৈঠকে ইয়ানমারের আন্তর্জাতিক বিজনেস প্রতিনিধি ইতো সান, আন্তর্জাতিক সার্ভিস প্রতিনিধি মিৎসুমি সান, এসিআই মটর্সের নির্বাহী পরিচালক সুব্রত রঞ্জন দাশ প্রমুখ উপস্থিত ছিলেন।

*প্রেস বিজ্ঞপ্তি , কৃষি মন্ত্রণালয়*

# রংপুরে ৫টি নতুন জাতের বোরো ধানের

*পঞ্চম পাতার পর*

এবং ব্রি আঞ্চলিক কার্যালয়ের এসএসও অফিস ইনচার্জ ড. মো. রকিবুল হাসান।

উল্লেখ্য, জাতগুলো হচ্ছে ব্রি ধান৮৮, ব্রি ধান৯৬, ব্রি ধান৯৮, বঙ্গবন্ধু১০০ এবং হাইব্রিড ধান৫। এসব ধান থেকে হেক্টরপ্রতি ৬ থেকে সাড়ে ৬ টন পর্যন্ত উৎপাদন পাওয়া যায়। পাশাপাশি এই জাত গুলোতে প্রচলিত অনেক ধানের চেয়ে রোগবালাই কম হবে এবং কিছু জাত জিংক সমৃদ্ধ। এ সময় প্রচলিত শস্যবিন্যাস আলু-বোরো (ব্রি ধান ২৮)-রোপা আমন (স্বর্ণা) স্থলে প্রস্তাবিত শস্যবিন্যাস আলু-বোরো (ব্রি ধান৮৮, ব্রি ধান৯৬, ব্রি ধান৯৮, বঙ্গবন্ধু১০০, ব্রি হাইব্রিড ধান ৫)-রোপা আমন (ব্রি ধান৭৫, ব্রি ধান৭৮ এবং ব্রি ধান৯৫) উল্লেখ করা যায়। *মোঃ হুমায়ূন কবির, কৃতসা, রংপুর*

## জারবেরা ফুল চাষে বদলে গেছে ঝিনাইদহে বিল্লালের জীবন



*ফুল বাগান পরিদর্শন শেষে সাংবাদিকদের সাথে মতবিনিময় করছেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন) জনাব ওয়াহিদা আক্তার*

জারবেরা ফুল চাষে দিন বদলে গেছে ঝিনাইদহ কোটচাঁদপুরে, এলাঙ্গী গ্রামে মো: বিল্লাল হোসেনের। তার ফুলের ক্ষেতে কাজ করে জীবিকা নির্বাহ হচ্ছে আরও দশ শ্রমিকের। বিল্লাল হোসেনের সাফল্য এখন অনেকের কাছে দৃষ্টান্ত। ঝিনাইদহ জেলার কোটচাঁদপুরের এলাঙ্গী গ্রামে ১৮ মে ২০২২ কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব ওয়াহিদা আক্তার বাণিজ্যিক ভিত্তিতে চাষকৃত মোঃ বেল্লাল হোসেনের জারবেরা ফুল বাগান পরিদর্শনকালে এসব বলেন। ফুল ঢাকায় পাঠাতে কুলিং ভ্যানের ব্যবস্থা করার আশ্বাস দেন তিনি। জৈবিক প্রযুক্তি ব্যবহার করে কিভাবে জারবেরা ফুল উৎপাদন বাড়ানো যায় তার জন্য জেলা উপপরিচালক মহোদয়কে কিছু গুরুত্বপূর্ণ নির্দেশনা প্রদান করেন।

এ সময় উপস্থিত ছিলেন বৃহত্তর কুষ্টিয়া ও যশোর অঞ্চলে কৃষি উন্নয়ন প্রকল্পের, প্রকল্প পরিচালক কৃষিবিদ মো: রুহুল কবির, ঝিনাইদহ জেলার উপপরিচালক কৃষিবিদ মো: আজগর আলী, কোটচাঁদপুর উপজেলার কৃষি অফিসার কৃষিবিদ মো: মহসীন আলীসহ আরও অন্য কর্মকর্তাবৃন্দ।

*মো: আসাদুজ্জামান, কৃতসা, খুলনা*

## আকবরপুরে "আঞ্চলিক গবেষণা-সম্প্রসারণ পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা ২০২২" অনুষ্ঠিত



"আঞ্চলিক গবেষণা-সম্প্রসারণ পর্যালোচনা ও কর্মসূচি প্রণয়ন কর্মশালা ২০২২" আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই, আকবরপুর, মৌলভীবাজার এর আয়োজনে ১৭-১৮ মে ২০২২ সংস্থার প্রশিক্ষণ কেন্দ্রে অনুষ্ঠিত হয়। কর্মশালায় ড. মোঃ হায়দার হোসেন, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, আঞ্চলিক কৃষি গবেষণা কেন্দ্র, বিএআরআই, আকবরপুর, মৌলভীবাজার সভাপতিত্বে টেকনিক্যাল শেসনের চেয়ারম্যান হিসেবে ছিলেন আমন্ত্রিত অতিথি ড. মোঃ শহীদুল ইসলাম, প্রফেসর, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়, সিলেট। কর্মশালায় মীর নাহিদ আহসান, জেলা প্রশাসক, মৌলভীবাজার গেষ্ট অব অনার হিসেবে উপস্থিত থেকে অত্র সিলেট অঞ্চল তথা দেশের কৃষি উন্নয়ন ও গবেষণা কাজের জন্য উৎসাহমূলক বক্তব্য রাখেন এবং চলমান গবেষণা কাজের সাথে একাগ্রতা প্রকাশ করেন। এছাড়াও কৃষি গবেষণা কাজের জন্য তিনি সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। কর্মশালায় অত্র অঞ্চলয়ের কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর সংস্থার কর্মকর্তা, এনজিও এবং কৃষক প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। উল্লেখ্য অত্র অঞ্চলের ২০২১-২২ সালের সম্পাদিত গবেষণা ও সম্প্রারণ কার্যাবলী উপস্থাপন এবং ২০২২-২৩ সালের প্রস্তাবিত গবেষণা ও সম্প্রসারণ কর্মসূচি চূড়ান্ত করা হয়।

*অ.ন.ম বোরহান উদ্দিন ভূঞা , কৃতসা, সিলেট*

## কৃষিকে লাভজনক ও বাণিজ্যিক করতে আমরা

*শেষ পাতার পর*

মতবিনিময়কালে মাননীয় কৃষিমন্ত্রী এসব কথা বলেন।

খোলাবাড়িয়া গ্রামে প্রায় ৪৫০০ কৃষক ঘৃতকুমারীসহ বিভিন্ন ঔষধি ফসল চাষ করছেন। ন্যায্যমূল্য না পাওয়া, বাজারজাতে সমস্যাসহ বিভিন্ন সমস্যার কথা এসময় কৃষকেরা তুলে ধরেন এবং ঔষধি ফসল চাষের সুরক্ষায় ও বিকাশে সরকারের দ্রুত পদক্ষেপ গ্রহণের দাবি জানান।

কৃষিমন্ত্রী এসময় বলেন, খোলাবাড়িয়া গ্রাম অ্যালোভেরাসহ বিভিন্ন ঔষধি ফসল চাষের উদাহরণ। এর চাষ সারা দেশে ছড়িয়ে দেয়া ও সুষ্ঠু বাজারজাতে সব ধরনের সহযোগিতা দেয়া হবে। কম সুদে ঋণ প্রদান, রপ্তানির ব্যবস্থা ও প্রক্রিয়াজাতে উদ্যোগ গ্রহণ করা হবে।

এ বিষয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অবহিত করা হবে বলে জানান কৃষিমন্ত্রী। এছাড়া, নাটোরের কৃষিপণ্য সংরক্ষণের জন্য বিভিন্ন ফসল রাখার সমন্বিত বা মাল্টিপল কোল্ড স্টোরেজ শীঘ্রই নির্মাণ করা হবে। পরিদর্শনকালে নাটোর-২ আসনের সংসদ সদস্য শফিকুল ইসলাম শিমুল, নাটোর-১ আসনের সংসদ সদস্য শহিদুল ইসলাম বকুল, সংসদ সদস্য রত্না আহমেদ, কৃষকলীগের সাধারণ সম্পাদক সংসদ সদস্য উম্মে কুলসুম স্মৃতি, সংসদ সদস্য শামীমা ইয়াসমিন, সংসদ সদস্য হোসনে আরা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মোঃ বেনজীর আলম, ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. মোঃ শাহজাহান কবীর, পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক মির্জা মোফাজ্জল ইসলাম, নাটোরের জেলা প্রশাসক শামীম আহমেদ,পুলিশ সুপার লিটন কুমার সাহা, সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শরিফুল ইসলাম রমজান প্রমুখ উপস্থিত ছিলেন।

*প্রেস বিজ্ঞপ্তি, কৃষি মন্ত্রণালয়*



সম্প্রসারণ বার্তা

৪৬ তম বর্ষ ❑ ২য় সংখ্যা
❑ জ্যৈষ্ঠ-১৪২৯ বঙ্গাব্দ; মে-জুন ২০২২ খ্রিষ্টাব্দ



## বাংলাদেশে কম্বাইন হারভেস্টার তৈরির আগ্রহ ইয়ানমারের

জাপানের কৃষিযন্ত্র নির্মাতা প্রতিষ্ঠান ইয়ানমার বাংলাদেশে ধান কাটার যন্ত্র বা কম্বাইন হারভেস্টার তৈরির কারখানা স্থাপনের আগ্রহ জানিয়েছে। দেশের এসিআই মোটর্সের সাথে যৌথ উদ্যোগে এ কারখানা স্থাপন করবে ইয়ানমার। ২৪ মে ২০২২ মঙ্গলবার সকালে সচিবালয়ে মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপির সাথে ইয়ানমারের আন্তর্জাতিক বিজনেস হেড সোগো ডেট এর নেতৃত্বে ইয়ানমার ও এসিআই মটর্সের প্রতিনিধিদলের *এরপর পৃষ্ঠা ৬ কলাম ১*



## কৃষিকে লাভজনক ও বাণিজ্যিক করতে আমরা কাজ করছি: মাননীয় কৃষিমন্ত্রী

মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপি বলেছেন, কৃষিকে লাভজনক ও বাণিজ্যিক করতে আমরা কাজ করছি। সেজন্য প্রচলিত ফসলের পাশাপাশি কৃষকদেরকে অপ্রচলিত অর্থকরী ফসল চাষের উৎসাহ ও প্রণোদনা দেয়া হচ্ছে। দেশে ও আন্তর্জাতিক বাজারে এই অ্যালোভেরার অনেক চাহিদা রয়েছে। ০২ জুন ২০২২ বৃহস্পতিবার সকালে নাটোরের সদর উপজেলার খোলাবাড়িয়ায় ঔষধিগ্রাম ঘৃতকুমারী বা অ্যালোভেরার মাঠ পরিদর্শন ও কৃষকদের সাথে

*এরপর পৃষ্ঠা ৭ কলাম ১*




## নেদারল্যান্ডসে বাংলাদেশ-নেদারল্যান্ডস এগ্রি-বিজনেস সম্মেলন

কৃষিখাতে সহযোগিতা বৃদ্ধির লক্ষ্যে নেদারল্যান্ডসের দ্য হেগে শুরু হয়েছে বাংলাদেশ-নেদারল্যান্ডস এগ্রি-বিজনেস কনক্লেভ বা সম্মেলন। বাংলাদেশের কৃষি মন্ত্রণালয়, নেদারল্যান্ডসের বাংলাদেশ দূতাবাস, নেদারল্যান্ডসের এগ্রিকালচার, ন্যাচার অ্যান্ড ফুড কোয়ালিটি মিনিস্ট্রি এবং ওয়েজেনিনজেন ইউনিভার্সিটি অ্যান্ড রিসার্চ যৌথভাবে ৩০ মে ২০২২ দিনব্যাপী এ সম্মেলনের আয়োজন করে। *এরপর পৃষ্ঠা ২ কলাম ১*



সচিবালয়ে মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক এমপির সাথে ইরির এশিয়া প্রতিনিধি নাফিস মিয়া (Nafees Meah) বৈঠক করেন। বৈঠকে কৃষি মন্ত্রণালয়ের সচিব মোঃ সায়েদুল ইসলাম, অতিরিক্ত সচিব কমলারঞ্জন দাশ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক শাহজাহান কবীর, ইরির বাংলাদেশ প্রতিনিধি হোমনাথ ভাণ্ডারি প্রমুখ উপস্থিত ছিলেন। এসময় কৃষিমন্ত্রী বলেন, খাদ্য নিরাপত্তা টেকসই করতে লবণ, খরাসহ বিভিন্ন ঘাতসহনশীল ধানের জাত উদ্ভাবনে আমরা গুরুত্ব দিচ্ছি। (১০ মে ২০২২, মঙ্গলবার)।

*প্রেস বিজ্ঞপ্তি , কৃষি মন্ত্রণালয়*

সম্পাদক : কৃষিবিদ ফেরদৌসী বেগম
কৃষি তথ্য সার্ভিসের অফসেট প্রেসে মুদ্রিত ও প্রেস ম্যানেজার কৃষিবিদ খন্দকার জান্নাতুল ফেরদৌস কর্তৃক প্রকাশিত, গ্রাফিক্স ডিজাইন : মনোয়ারা খাতুন
ফোন : ০২৫৫০২৮২৬০. ইমেইল : dirais@ais.gov.bd, editor@ais.gov.bd ওয়েবসাইট : www.ais.gov.bd